

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
সখিপুর, টাঙ্গাইল।

সারক নং-৩২.০১.৯৩৮৫.০২৮.২৫.০০৪.২১-

তারিখঃ ০৪.০৬.২৪খ্রি.

আধুনিক দর্জি বিজ্ঞান ও দক্ষতা উন্নয়ন কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি:

এতদ্বারা সখিপুর উপজেলার আগ্রহী ও কর্মক্ষম মহিলাদের অবগতির জন্য জানানো যাচ্ছেযে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সখিপুর, টাঙ্গাইলে ২০২৪-২৫ অর্থ বছরে (জুলাই/২৪ হতে সেপ্টে/২৪) পর্যন্ত ০৩ মাস ব্যাপী দরিদ্র মহিলাদের বিনা খরচে আধুনিক দর্জি বিজ্ঞান ও দক্ষতা উন্নয়ন কোর্সে নিম্নোক্ত শর্তে মোট ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

ভর্তির শর্তাবলী নিম্নরূপঃ

- ০১। অসহায়, দুঃস্থ ও অবিবাহিত প্রার্থী অগ্রাধিকার পাবে।
- ০২। শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৫ম শ্রেণী পাস হতে হবে।
- ০৩। বয়স কমপক্ষে ১৬-৩৫ বছর পর্যন্ত হতে হবে।
- ০৪। অফিস চলাকালীন সময়ে সকাল-১০ হতে দুপুর-১.০০টা পর্যন্ত ৩০ জন প্রশিক্ষণার্থীকে অবস্থান ও প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
- ০৫। পূর্ববর্তী ব্যাচে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রশিক্ষণার্থী চলতি ব্যাচের জন্য আবেদন করতে পারবেনা।
- ০৬। আগ্রহী প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারী বরাবর ০২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, ভোটার আইডি/জন্মনিবন্ধনের ফটোকপি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে আগামী ২৩.০৬.২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ০৭। নির্বাচিত প্রশিক্ষণার্থীগণ দৈনিক উপস্থিতির ভিত্তিতে ১০০/- (একশত) টাকা হারে মাসিক ভাতা পাবেন।
- ০৮। মৌখিক সাক্ষাৎকারের তারিখ পরবর্তীতে ফোনে প্রত্যেক আবেদনকারীকে জানানো হবে। নির্ধারিত তারিখে সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- ০৯। কর্তৃপক্ষের এবং প্রশিক্ষণের যাবতীয় নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।
- ১০। সাক্ষাৎকারে অংশ গ্রহনের জন্য কোন কার্ড এবং ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

(ফিরোজা আক্তার)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
ও  
সদস্য সচিব  
দর্জি বিজ্ঞান মহিলা প্রশিক্ষণার্থী নিয়োগ কমিটি  
সখিপুর, টাঙ্গাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ০৩। মেয়র, সখিপুর পৌরসভা, সখিপুর, টাঙ্গাইল।
- ০৪। উপজেলা .....কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
- ০৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..... সখিপুর, টাঙ্গাইল।
- ০৬। চেয়ারম্যান.....ইউপি (সকল) সখিপুর, টাঙ্গাইল।
- ০৭। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
- ০৮। নোটিশ বোর্ড, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
- ০৯। নোটিশ বোর্ড, উপজেলা পৌরসভা কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল।

